

নং-৩৭.০৩.০০০০.০১০.০৬.১৯.১৪-৪৫৫

তারিখ: ২১/০৭/২০১৬ খ্রি:

বিষয়: শিক্ষা মন্ত্রণালয় ও কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক গৃহীত কার্যক্রমের অংশ হিসেবে অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের সম্পাদিত কাজের অগ্রগতি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানান যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় ও কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক গৃহীত কার্যক্রমের অংশ হিসেবে অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠান সমূহে নিম্নোক্ত কার্যক্রমগুলো সুষ্ঠুভাবে সম্পাদন করা অত্যাবশ্যিক। এ প্রেক্ষিতে তাঁর প্রতিষ্ঠানে বর্ণিত কার্যক্রম সম্পাদনে গৃহীত পদক্ষেপ, বাস্তবায়ন ও অগ্রগতির প্রতিবেদন সহ আগামী ৩০/০৭/২০১৬খ্রিঃ তারিখ অনুষ্ঠিতব্য অধ্যক্ষ সম্মেলনে উপস্থিত থাকতে হবে।

**গৃহীত কার্যক্রম সমূহ:**

- ০১। ২০১৬-২০১৭ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত;
- ০২। অধিদপ্তরাধীন পলিটেকনিক ইনস্টিটিউট এবং টেকনিক্যাল স্কুল ও কলেজে কর্মরত শিক্ষকদের শিল্প কারখানায় ১৫ দিনের সংযুক্তি বিষয়ক;
- ০৩। ২০১৫-২০১৬ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন প্রতিবেদন;
- ০৪। ইন্ডাস্ট্রি-ইনস্টিটিউট লিংকজে বিষয়ে প্রতিষ্ঠান পর্যায়ে গৃহীত কার্যক্রমের অগ্রগতি;
- ০৫। Disability Inclusion In TVET বিষয়ে বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে গৃহীত কার্যক্রম ও Action Plan বাস্তবায়ন;
- ০৬। কর্তৃপক্ষের বিনা অনুমতিতে উচ্চশিক্ষা গ্রহণ সংক্রান্ত বিষয়ে প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত কার্যক্রম;
- ০৭। প্রতিষ্ঠানে প্রাইভেট পড়ানো/কোচিং বাণিজ্য বন্ধে নীতিমালা বাস্তবায়নে গৃহীত কার্যক্রম;
- ০৮। শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ নিশ্চিত করণের জন্য অধিদপ্তর হতে মনোনয়ন কৃত শিক্ষকগণকে প্রশিক্ষণে প্রেরণ;
- ০৯। সিঙ্গাপুরস্থ নানিয়াং পলিটেকনিক হতে প্রশিক্ষণ প্রাপ্ত ৪২০ জন কর্মকর্তা/শিক্ষক দাখিল কৃত প্রকল্প বাস্তবায়নে অগ্রগতি;
- ১০। অধিদপ্তরাধীন প্রতিষ্ঠান সমূহে RTO অনুমোদন গ্রহণে গৃহীত কার্যক্রম;
- ১১। ছাত্র/ছাত্রীদের শিল্প কারখানায় বাস্তব প্রশিক্ষণ সঠিকভাবে সম্পাদনের জন্য মনিটরিং;
- ১২। জাতীয় গুণাচার কৌশল বাস্তবায়ন;
- ১৩। ল্যাব/ওয়ার্কসপ চালুকরণ ও ব্যবহারিক ক্লাশ নিশ্চিত করণ;
- ১৪। প্রতিষ্ঠানে ইনস্টিটিউট পারফরমেন্স বেজড ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়ন;
- ১৫। প্রতিষ্ঠান সমূহের অডিট আপত্তি নিষ্পত্তি নিশ্চিতকরণে জরুরী ব্যবস্থা গ্রহণ;
- ১৬। শিক্ষার্থীদের ৮০% এর নিচে হাজিরা বিষয়ে বাকাশিবো এর নীতিমালা যথাযথভাবে বাস্তবায়নে গৃহীত কার্যক্রম;
- ১৭। প্রতিষ্ঠানের Video Conferencing ডিভাইস সচল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- ১৮। অনুপস্থিত শিক্ষক/কর্মচারীদের তালিকা প্রণয়ন ও অধিদপ্তরকে অবহিতকরণ;
- ১৯। প্রতি ০২ (দুই) মাস অন্তর অধ্যক্ষগণ নিজ নিজ অফিস পরিদর্শন করে রিপোর্ট প্রেরণ;
- ২০। প্রতিষ্ঠানে ওয়েব পোর্টাল প্রস্তুতকরণে গৃহীত কার্যক্রম;
- ২১। শ্রেণীকক্ষে মাল্টিমিডিয়া পাঠদান নিশ্চিতকরণে Content প্রস্তুত করে ওয়েবসাইটে প্রকাশ এবং শ্রেণীকক্ষে যথাযথ ব্যবস্থা নিশ্চিতকরণে গৃহীত কার্যক্রম;
- ২২। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে প্রধান পরীক্ষক হিসাবে নিয়োগ সংক্রান্ত;
- ২৩। Assessor এর জন্য শিক্ষকদের-কে ১৫ দিনের জন্য শিল্প কারখানায় CBT&A প্রশিক্ষণ প্রদানে গৃহীত কার্যক্রম;
- ২৪। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে কারিগরি শিক্ষায় এনরোলমেন্ট বৃদ্ধির ফলে প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত প্রস্তুতিমূলক কার্যক্রম;
- ২৫। প্রতিষ্ঠানে শিক্ষক, কর্মচারীগণের ছুটির হিসাব বৎসরাণ্তে হিসাব করে প্রতিস্বাক্ষর করণ ও চাকুরীবহিতে লিপিবদ্ধকরণ।

এমতাবস্থায় সংশ্লিষ্ট সকলকে তার প্রতিষ্ঠানে গৃহীত কার্যক্রমের হালনাগাদ প্রতিবেদন প্রস্তুত করে পরবর্তী অধ্যক্ষ সম্মেলনে তা উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হলো।

স্বাক্ষরিত/-  
(মোঃ মিজানুর রহমান)  
যুগ্ম-সচিব  
ও  
পরিচালক (প্রশাসন)

তারিখ: ২১/০৭/২০১৬ খ্রি:

নং-৩৭.০৩.০০০০.০১০.০৬.১৯.১৪-৪৫৫

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ০১। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
- ০২। পরিচালক (প্রশাসন/ভোকেশনাল/পরিঃ ও উন্নঃ/পিআইইউ/পিআইডিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৩। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, ময়মনসিংহ/ফরিদপুর/সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ।
- ০৫। অধ্যক্ষ, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট/ডিটিটিআই ইনস্টিটিউট এবং টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (সকল)।
- ০৬। সহকারী পরিচালক, (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৭। সংযুক্ত কর্মকর্তা, ইএমআইএস সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর (পত্রটি ওয়েব-সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ০৮। পিএ টু ডিজি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৯। সংরক্ষণ কপি।

(মোঃ আককাছ আলী সেখ)  
সহকারী পরিচালক  
ফোন-৮১৮১২২৯